



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২০.২৯৬

তারিখ : ২৫-১১-২০২১ খ্রিঃ

## ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগস্ট-সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল ২৪-১১-২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) প্রকাশ করা হয়েছে। যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে আগামী ০৫-১২-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ প্রতিষ্ঠান কর্তৃক ডিডি/পেঅর্ডারের মাধ্যমে আগামী ০৮-১২-২০২১ খ্রি. তারিখ বোর্ডে জমা দিতে হবে। উক্ত ডিডির অর্থ সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা অথবা এসআইবিএল (SIBL) ব্যাংকের আগারগাঁও শাখা হতে উত্তোলন যোগ্য হতে হবে। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।


অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির প্রক্রিয়া :

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ ছুগিত ফলাফল → ডিপ্লোমা-পর্যায় → **Diploma in Medical Technology Rescrutiny Apply** ক্লিক করে প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।

প্রতিষ্ঠানের জন্য করণীয় :

- (১) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন সরাসরি/ ভার্সুয়াল মাধ্যমে গ্রহণ করবে।
- (২) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের পুনঃনিরীক্ষণ ফি মোবাইল ব্যাংকিং/ সরাসরি গ্রহণ করবে।
- (৩) প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের তথ্য সংযুক্ত ছক অনুসরণ পূর্বক [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে এন্ট্রি করতে হবে।
- (৪) অনলাইনে এন্ট্রিকৃত পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এবং পুনঃনিরীক্ষণ ফি এর ডিডি/পেঅর্ডার সহ সকল হার্ডকপি বাহক মারফত ০৮/১২/২০২১ খ্রি. তারিখ বোর্ডে প্রেরণ করবেন।
- (৫) পুনঃনিরীক্ষণের জন্য সরাসরি বোর্ডে কোন আবেদন গ্রহণ করা হবে না। এ সংক্রান্ত কাজে কোন পরীক্ষার্থী সরাসরি বোর্ডে উপস্থিত হতে পারবেনা।

এছাড়া প্রকাশিত ফলাফলে TC/ PC/G.P.A সংক্রান্ত সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে, PF সংক্রান্ত সংশোধনের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে উপযুক্ত প্রমাণকসহ আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে। কেন্দ্র পরিবর্তনকারী পরীক্ষার্থীদের প্রকাশিত ফলাফল সংশোধনের ক্ষেত্রে পরিবর্তিত কেন্দ্র ও মূল কেন্দ্রের সুপারিশসহ আবেদন করতে হবে।

  
(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোন : ০২-৫৫০০৬৫২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. সচিব, কারিগরি মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
৪. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অধ্যক্ষ/পরিচালক -----
৬. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/ভোক/বিএম, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাকাশিবো, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/বিতরণ, বাকাশিবো, ঢাকা।
১১. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাকাশিবো, ঢাকা।
১৩. নথি।

*Handwritten signature and date: 25/11/2021*

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)

*Handwritten signature* ফোন : ০২-৫৫০০৬৫৩১